

আমাদের উদ্দেশ্য

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ট্রাস্ট এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবন-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাশন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র মানুষের কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।



মেঘনা বুলেটিন

ফেব্রুয়ারি ২০২০: সংখ্যা: ২৮



[f /radiomeghna99.0](https://www.facebook.com/radiomeghna99.0) radiomeghna.net



রেডিও মেঘনার ৫ম বর্ষপূর্তি উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত।

‘আপনার রেডিওতে বাজুক আপনার কণ্ঠস্বর’ এই শ্লোগানে পালিত হলো রেডিও মেঘনার পঞ্চম বর্ষপূর্তি উৎসব। আজ (১৮ ফেব্রুয়ারি, মঙ্গলবার) সকাল ৮টায় কোস্ট ট্রাস্ট, রেডিও মেঘনার কার্যালয় থেকে র্যালিটি বের হয়ে উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে চরফ্যাশন উপজেলা কার্যালয়ে এসে শেষ হয়। র্যালি শেষে রেডিও মেঘনার ৫ম বর্ষপূর্তির কেব কাটা হয় এবং আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

কোস্ট ট্রাস্ট-সিএফটিএম-এর সহকারি পরিচালক রাশিদা বেগমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন সহকারী ভূমি কমিশনার মোঃ শাহিন মাহমুদ, বিশেষ অতিথি চরফ্যাশন থানার অফিসার ইনচার্জ সামসুল আরেফীন। আলোচনায় সহকারী কমিশনার ভূমি শাহিন মাহমুদ ও চরফ্যাশন থানার অফিসার ইনচার্জ সামসুল আরেফীন বলেন, রেডিও মেঘনা উপকূলীয় এলাকা চরফ্যাশনের মানুষের মাঝে যেভাবে শিক্ষা-স্বাস্থ্য, বাল্য বিয়ে বিশেষ করে দুর্ভোগে যে ভূমিকা পালন করছে তা সত্যিই প্রশংসার দাবিদার। সাফল্যের এই অগ্রযাত্রায় চরফ্যাশন উপজেলা প্রশাসনের পক্ষ থেকে রেডিও মেঘনার উত্তরোত্তর সাফল্য কামনা করেন তারা। বাংলাদেশের ১৮টি কমিউনিটি রেডিওর মধ্যে শুধুমাত্র রেডিও মেঘনাতে স্থানীয় ঝাঁক কিশোরী এর সম্প্রচার কার্যক্রম পরিচালনা করেন বলে তাদেরকে সাধুবাদ জানান। র্যালি ও আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন, চরফ্যাশন উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, শিক্ষা কর্মকর্তা, রেডিও শ্রোতা ক্লাবের সদস্য, সাধারণ শ্রোতা, উপদেষ্টা কমিউটির সদস্য, প্রেসক্লাবের সভাপতি, সংবাদিক ও রেডিও মেঘনার সকল কলাকৌশলীরা।

এদিকে রেডিও মেঘনার সম্প্রচারের ৫ম বর্ষ পেরিয়ে ৬ষ্ঠ বর্ষে পর্দাপন উপলক্ষে দুই দিন ব্যাপী বিশেষ রেডিও অনুষ্ঠান প্রচার করা হয়েছে।

রেডিও মেঘনা শুনে শ্রোতাদের জীবনমানের কি ধরনের পরিবর্তন হয়েছে, এই পথ চলায় রেডিওর অর্জন, আমাদের কাছে শ্রোতাদের প্রত্যাশা কি, এসব নিয়েই সাজানো হয়েছিলো আমাদের সম্প্রচার কার্যক্রম।

সাপ্তাহিক অনুষ্ঠান ‘কৃষি ও কৃষক’

আর্থিকভাবে লাভবান হওয়ায় চরফ্যাশন উপজেলায় জনপ্রিয় হয়ে উঠছে কলা চাষ। এমনই একজন চাষী চরফ্যাশনের ৩ নম্বর ওয়ার্ডের কৃষক মোঃ ওলিউল্লাহ মাঝি। তার সাথে কথা বলে জানা যায়, অন্য পেশা ছেড়ে তিনি গত ৩ বছর যাবৎ ৪৭ শতক জমিতে কলা চাষ করছেন। গত বছর তুলনামূলক দাম কম হয়েছে। তবে এবছর ভালো লাভ আসবে বলে তিনি আশা প্রকাশ করেছেন। ১শ’ টি কলা ১ হাজার টাকায় বিক্রি করা যায় বলে রেডিও মেঘনাকে জানান ওলিউল্লাহ মাঝি।



এদিকে উপজেলা কৃষি অফিস সূত্রে জানা যায়, খরচ ও অনাবাদি জমিতে কলা চাষ করা যায় এবং এটি অন্যান্য ফসলের চেয়ে লাভজনক। এ বিষয়ে চাষীদের প্রয়োজনীয় পরামর্শ ও দিক নির্দেশনা দিয়ে আসছে উপজেলা কৃষি অফিস।

কৃষি তথ্য ও পরামর্শ বিষয়ক রেডিও মেঘনার সাপ্তাহিক অনুষ্ঠান ‘কৃষি ও কৃষক’। শুনুন প্রতি বুধবার বিকাল ৫:৪০ টায়। শুধুমাত্র ৯৯.০ এফএম এ।

রেডিও মেঘনা সংবাদ



চরফ্যাসন উপজেলার ভদ্রপাড়ার ইভানা আফরোজ স্নিগ্ধা। বাড়ির ছাদে বানিজ্যিকভাবে চাষ করছেন এ্যালোভেরা। বছর তিনেক আগে বাবা ছোট একটা এ্যালোভেরার চারা আনে। তারপর সেটি বাড়ির ছাদে টবে লাগানো হয়। শখের বসে এটির পরিচর্যা করতে করতে সেখান থেকে বর্তমানে চারশত গাছ হয়েছে। প্রায়প্রতিনিদই এ্যালোভেরা বিক্রি করে থাকেন ইভানা আফরোজ। এ থেকে মাসে প্রায় ৬-১০ হাজার টাকা আয় করতে পারেন। তিনি আরো বলেন, ছাদের জায়গা কম থাকায় এর চেয়ে বড় পরিসরে করা সম্ভব হচ্ছেনা। তবে অল্প পরিসরে ড্রাগনও চাষ করছেন তিনি। তার এই সাফল্য দেখে অনেকেই উদ্যোগী হয়েছেন, চারা নিতে আসেন অনেকে। প্রয়োজনীয় পরামর্শও দিয়ে থাকেন তিনি। সংসারের কাজের পাশাপাশি এ কাজ করে আর্থিকভাবে সফল হয়েছেন বলে জানান ইভানা আফরোজ। তিনি চান রেডিও মেঘনার তার এই সংবাদ প্রচারের মধ্যে দিয়ে তার মত আরো অনেক নারী অর্থনৈতিক কাজে এগিয়ে আসুক।

প্রতিবেদনে মৌসুমী মনীষা ও সুরভী জাহান। প্রচারিত হয়েছে ২০ ফেব্রুয়ারি (রবিবার) রেডিও মেঘনার সন্ধ্যার (৭টার) সংবাদে।

শ্রোতা ক্লাব:

কমিউনিটি রেডিওতে রয়েছে প্রত্যেক শ্রোতার নিজস্ব মতামত জানানোর অধিকার। শ্রোতাদের মতামত জানানোর জন্য আমরা গঠন করেছি “শ্রোতা ক্লাব”। রেডিও মেঘনায় ৪০ টি শ্রোতা ক্লাব রয়েছে। তার মধ্যে উল্লেখ্য যোগ্য ক্লাব হলো-কিশোরী, গৃহিনী, কৃষি, ক্ষুদ্র ব্যবসায়ী ক্লাব।

যোগাযোগ:

কণিকা রানী
সহকারি স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা
ফোন: ০১৭০৮ ১২০৩৯০

ই-মেইল: konika.radiomeghna@gmail.com
কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা।